

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ১৬৫/২০২১


তারিখ: ২০ /১১/২০২১খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

### পণ্যচালান কার্যিক পরীক্ষণ সংক্রান্ত জরুরী দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক কার্যিক পরীক্ষার জন্য নির্বাচিত পণ্যচালান এবং কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, চট্টগ্রাম কর্তৃক লককৃত পণ্যচালানের কার্যিক পরীক্ষণ কার্যক্রম দ্রুত সম্পাদনের লক্ষ্যে কাস্টম হাউস, চট্টগ্রাম এবং কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, চট্টগ্রাম কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়, এখন থেকে প্রতিদিন সকাল ১১টা থেকে কার্যিক পরীক্ষণ কার্যক্রম শুরু হবে। কার্যিক পরীক্ষার জন্য নির্বাচিত পণ্যচালান কার্যিক পরীক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় দলিলাদি সকাল ১১টার মধ্যে পরীক্ষণ কর্মকর্তার নিকট দাখিল করতে হবে। উক্ত সময়ের পর কার্যিক পরীক্ষার জন্য কোন পোস্টিং প্রদান করা হবে না।

এ ব্যাপারে কোন সমস্যা দেখা দিলে এসোসিয়েশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং

এজেন্টস্ এসোসিয়েশন